**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
সিলেট।
ই-মেইলঃ cjmcsyl@yahoo.com
ওয়েবসাইটঃ www.sylhet.judiciary.gov.bd

**অফিস আদেশ নং- ১১২**

তারিখঃ ১২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু অসাধু চক্র ভূয়া গ্রেফতারি পরোয়ানার পাশাপাশি ভূয়া রি-কল প্রস্তুতক্রমে তামিলকারী কর্তৃপক্ষের দপ্তরে প্রেরণ করছে। সেগুলো যথারীতি তামিলও হচ্ছে। এতে নিরীহ মানুষ যেমন হয়রানির শিকার হচ্ছে তেমনি আদালতের ভাবমূর্তিও ক্ষুন্ন হচ্ছে। সুশাসন ও মানবিক দৃষ্টিকোণ থেকে ইহা প্রতিরোধ করা অপরিহার্য।

গ্রেফতারি পরোয়ানা ও রি-কল প্রস্তুত করার সময় গ্রেফতারি পরোয়ানা ও রি-কল ফরমে সংশ্লিষ্ট আদালতের সীলমোহর, বিচারকের স্বাক্ষর, নাম ও পদবীযুক্ত সীল এবং প্রস্তুতকারীর স্বাক্ষর, নাম, পদবী, আদালতের নাম, কক্ষ নম্বর ও মোবাইল নম্বর সুস্পষ্টভাবে উল্লেখ করে প্রস্তুতকরণের জন্য অত্র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীর আওতাধীন বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণকে নির্দেশ প্রদান করা হলো।

পাশাপাশি গ্রেফতারি পরোয়ানা ও রি-কল তামিলকারী কর্তৃপক্ষকে উপরোক্ত তথ্যাদি সতর্কতার সাথে যাচাই বাছাই করার পর বিজ্ঞ আদালতে হতে ইস্যুকৃত গ্রেফতারি পরোয়ানা ও রি-কল তামিল করা বা অন্য জেলায় তামিলের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করানো হোক।

27/07/2025

(আ.ন.ম. ইলিয়াস)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
সিলেট।

স্মারক নং- সিজেএম/সিল/প্রশাঃ ৭৩০(১৬)/

তারিখঃ ১২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি প্রেরণ (জ্ঞাতার্থে/কার্যার্থে):

১. পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট। (আপনার আওতাধীন থানা সমূহকে অবগত করানোর জন্য অনুরোধ করা হলো।)
২. পুলিশ সুপার, সিলেট। (আপনার আওতাধীন থানা সমূহকে অবগত করানোর জন্য অনুরোধ করা হলো।)
৩. অধিনায়ক, র‍্যাব-৯, সিলেট। (আপনার আওতাধীন সংশ্লিষ্ট সকলকে অবগত করানোর জন্য অনুরোধ করা হলো।)

অনুলিপি প্রেরণ (জ্ঞাতার্থে/কার্যার্থে):

১. বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিলেট।
২. বিজ্ঞ ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ), বিদ্যুৎ আদালত, বিউবো, সিলেট।
৩. বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম/২য়/৩য়/জকিগঞ্জ চৌকি আদালত, সিলেট।
৪. বিজ্ঞ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম আদালত, সিলেট।
৫. কোর্ট পুলিশ পরিদর্শক, জেলা সদর কোর্ট, সিলেট।
৬. জুডিসিয়াল পেশকার, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, সিলেট। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৭. অফিস কপি।

(কাজী মো. আবু জাহের বাদল)
ভারপ্রাপ্ত জজ (সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট)
নেজারত বিভাগ
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত
সিলেট।
টেলিফোন নং- ০২৯৯৭৭০১২০১
মোবাইল- ০১৩৩৪ ৫৪৩৫২৩